

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জুলাই ১৪, ২০১৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়

জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ

অপারেশন-৩ শাখা

প্রজ্ঞাপন

তারিখ, ৮ জুলাই ২০১৪

নং ২৮.০০.০০০০.০১৮.৩৫.০২১.১০-১৯৮—সাদামাটি কোয়ারী ইজারা মঞ্জুরীর লক্ষ্যে প্রাপ্ত আবেদনপত্রসমূহ যাচাই-বাছাইপূর্বক মতামত/সুপারিশ প্রদানের জন্য “সাদামাটি উত্তোলন ও বিপণন নির্দেশিকা, ২০১৪” এর ৪নং ক্রমিক অনুযায়ী নিম্নরূপভাবে একটি জেলা মনিটরিং কমিটি গঠন করা হলো :

(১)	অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)	-	আহ্বায়ক
(২)	বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তরের একজন প্রতিনিধি	-	সদস্য
(৩)	পরিবেশ অধিদপ্তরের একজন স্থানীয় প্রতিনিধি	-	ঐ
(৪)	পুলিশ সুপারের একজন প্রতিনিধি	-	ঐ
(৫)	খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো'র একজন প্রতিনিধি	-	ঐ
(৬)	বর্ডারগার্ড অব বাংলাদেশের একজন প্রতিনিধি (সীমান্তবর্তী জেলার জন্য)	-	ঐ
(৭)	উপজেলা নির্বাহী অফিসার (সংশ্লিষ্ট উপজেলা)	-	সদস্য-সচিব

(১৬৩২৭)

মূল্য : টাকা ৪.০০

২। কমিটির কার্যপরিধি :

- (ক) খাস খতিয়ানভুক্ত জমিতে সাদামাটি কোয়ারী ইজারা প্রদানের লক্ষ্যে অগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে দরখাস্ত আহ্বানের জন্য কমপক্ষে ২১ দিনের সময় দিয়ে বহুল প্রচারিত একটি জাতীয় ও একটি স্থানীয় দৈনিক পত্রিকায় (সংশ্লিষ্ট জেলা) বিএমডি গণবিজ্ঞপ্তি প্রকাশ করবে;
- (খ) প্রাপ্ত আবেদনসমূহ বিএমডি সংশ্লিষ্ট জেলা মনিটরিং কমিটিতে প্রেরণ করবে। মনিটরিং কমিটি দ্রুততম সময়ের মধ্যে আবেদনসমূহ যাচাই-বাছাই করে জেলা প্রশাসকের মতামতসহ বিএমডি-তে প্রেরণ করবে। সরকারের অনুমোদনের পর বিএমডি বিধি মোতাবেক মঞ্জুরীপত্র জারী করবে;
- (গ) একটি কোয়ারীতে একাধিক আবেদন পাওয়া গেলে গ্রহণযোগ্য (Responsive) আবেদনপত্রসমূহের মধ্য থেকে মনিটরিং কমিটি লটারীর মাধ্যমে একটি আবেদনপত্র বাছাই করবে;
- (ঘ) সেতু/কালভার্ট/ড্যাম/ব্যারেজ/বাঁধ/সড়ক/মহাসড়ক/পাহাড়/মসজিদ/মন্দির/গীর্জা/স্কুল-কলেজ/ধর্মীয় প্রতিষ্ঠান ইত্যাদি এবং জনসাধারণের চলাচলে অসুবিধা হয় এমন কোন জায়গা ইজারা মঞ্জুরীর সুপারিশ করা যাবে না;
- (ঙ) উত্তোলিত সাদামাটি জনসাধারণ/ছাত্র-ছাত্রীদের চলাচলের রাস্তা/পথে কোনভাবেই স্তম্ভ করা যাবে না। পরিবেশের ভারসাম্য রক্ষা করে সাদামাটি উত্তোলনে মনিটর করবে;
- (চ) মনিটরিং কমিটির যে কোন সদস্য/উপজেলা নির্বাহী অফিসারের মনোনীত প্রতিনিধি সাদামাটি উত্তোলন মনিটর করতে পারবে;
- (ছ) ইজারা গ্রহীতা ইজারা প্রাপ্তির পর কোয়ারী এলাকায় কোয়ারীর নাম, মৌজার নাম, জমির পরিমাণ, দাগ নম্বর, খতিয়ান নম্বর ও সময়কাল উল্লেখ সম্বলিত সাইনবোর্ড স্থাপন করবে;
- (জ) অযান্ত্রিক পদ্ধতিতে সাদামাটি উত্তোলন করতে হবে। কোন অবস্থাতেই যান্ত্রিক পদ্ধতিতে সাদামাটি উত্তোলন করতে পারবে না; পরিবেশের ক্ষতি সাধিত হয় এমন কোন কাজের অনুমতি প্রদান করা যাবে না। বর্ষা মৌসুমে উত্তোলিত সাদামাটি জনসাধারণের চলাচলের অসুবিধা হয় এমন জায়গায় স্তম্ভ করতে পারবে না;
- (ঝ) ইজারাগ্রহীতা উত্তোলিত সাদামাটির প্রতিবেদন মনিটরিং কমিটির সদস্যগণের নিকট প্রেরণ করবে এবং মনিটরিং কমিটির উপস্থিতিতে মূল্য নির্ধারণ করতে হবে;
- (ঞ) ব্যক্তি মালিকানাধীন জমির ক্ষেত্রে জমির মালিকানা, জমির খাজনা, ক্রয়কৃত জমির খারিজের রশিদসহ পরীক্ষা-নিরীক্ষা করে ইজারা মঞ্জুরীর সুপারিশ করবে;

- (ট) সরকারি দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তর/সংস্থা/কোম্পানী অথবা বেসরকারি প্রতিষ্ঠানের নামের জমিতে সাদামাটি থাকলে, সে সমস্ত অফিস/প্রতিষ্ঠানের অনাপত্তিপত্র ছাড়া কোনভাবেই ইজারা মঞ্জুরীর সুপারিশ করা যাবে না;
- (ঠ) খনি ও খনিজ সম্পদ বিধিমালা, ২০১২'র সকল বিধি-বিধান এবং সাদামাটি উত্তোলন ও বিপণন নির্দেশিকা, ২০১৪ অনুসরণ করতে হবে। যদি কোন ব্যক্তি/প্রতিষ্ঠান উক্ত বিধিমালার বিধি-বিধান ও নির্দেশিকা অনুসরণ না করে, সেক্ষেত্রে মনিটরিং কমিটি উক্ত ব্যক্তি/প্রতিষ্ঠানের অনুকূলে মঞ্জুরকৃত ইজারা বাতিলের জন্য জেলা প্রশাসকের মতামতসহ বিএমডিতে সুপারিশ প্রেরণ করবে। মনিটরিং কমিটির সুপারিশের আলোকে সরকারের অনুমোদনক্রমে বিএমডি ইজারা মঞ্জুরীর সম্মতিপত্র বাতিল করবে।
- ৩। ইহা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ গোলাম মোস্তফা

অতিরিক্ত সচিব (প্রশাঃ/অপাঃ)।